

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০১.১৭.০৮৮.১৮.২৪০

তারিখ : ১৬ জুলাই ২০২৩ খ্রি.

শ্রেণি রিলিজ

ঢাকা, ১৬ জুলাই ২০২৩ খ্রি.


জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ০৮ (আট) সপ্তাহব্যাপী ১০ম গ্রেড কর্মকর্তাদের বুনিয়েদি প্রশিক্ষণ পাঠ্যধারা এবং ০৩ (তিন) সপ্তাহব্যাপী Visual Radio Techniques পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠান ১৬ জুলাই ২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ পাঠ্যধারাটি উদ্বোধন করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক।

প্রশিক্ষণ পাঠ্যধারায় সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ বাংলাদেশের অভ্যুদয়, স্মার্ট বাংলাদেশ, 4IR, বিভিন্ন সরকারি আইন ও বিধিবিধান, অফিস ব্যবস্থাপনার ধারণা, বাজেট, বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী, প্রশাসনিক-দাপ্তরিক-আর্থিক বিষয়াদি, গণসংযোগ ক্যাম্পেইন ও ইথিকস অব জার্নালিজম, প্রোপাগান্ডা-গুজব-স্লোগান, আন্তর্জাতিক অঙ্গনে গণসংযোগ, তথ্য বিবরণী-প্রেস কনফারেন্স-সংবাদ বিজ্ঞপ্তি, মাঠ পর্যায়ে প্রচারণায় চ্যালেঞ্জ মোকাবেলাসহ জেলা তথ্য অফিসারদের দায়িত্ব ও কার্যাবলী বিষয়ে সম্যক জানতে পারবেন। এছাড়াও, সরকারের গুরুত্বপূর্ণ ইস্যুভিত্তিক বিভিন্ন বিষয় সম্পর্কেও প্রশিক্ষণার্থীবৃন্দ অবহিত হবেন। এ পাঠ্যধারায় প্রশিক্ষণার্থীদের শারীরিক ও মানসিক দক্ষতা বিকাশের নানা কর্মসূচিও অন্তর্ভুক্ত রয়েছে।

উদ্বোধন অনুষ্ঠানে মহাপরিচালক মহোদয় তাত্ত্বিক ও ব্যবহারিক পর্যায়ে প্রশিক্ষণলব্ধ জ্ঞান অর্জনের মাধ্যমে চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলাসহ স্মার্ট বাংলাদেশ গড়ে তোলায় নিমিত্তে প্রশিক্ষণার্থীগণ অধিকতর যোগ্য হয়ে উঠবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

পাঠ্যধারার উপদেষ্টা জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশি. প্রকৌ.) মো. নজরুল ইসলাম ও পরিচালক (প্রশি. অনু.) ড. মো. মারুফ নাওয়াজ এবং দু'টি পাঠ্যধারার পরিচালক নাহিদ নাজ এবং মো. সোহেল পারভেজ উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Visual Radio Techniques পাঠ্যধারায় বাংলাদেশ বেতারের ১৫ (পনেরো) জন কর্মকর্তা এবং ১০ম গ্রেড কর্মকর্তাদের বুনিয়েদি প্রশিক্ষণ পাঠ্যধারায় তথ্য অধিদফতর-এর ১০ (দশ) জন, গণযোগাযোগ অধিদপ্তরের ১০ জন এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ০১ (এক) জনসহ মোট ২১ (একুশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।


১১.৭.২০
আবদুল হান্নান
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ : সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ২। মুখ্য বার্তা সম্পাদক/ চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিয়োসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।